**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা ও দায়রা জজ এর কার্যালয়**
**(প্রশাসন শাখা)**
**রাজশাহী**
rajshahi.judiciary.gov.bd

**বিভাগীয় মামলা নং ০১/২০২৫**

**রাষ্ট্র** **বনাম** **অভিযুক্ত জনাব মোঃ ইমন চৌধুরী,**
**জারীকারক,**
**নেজারত বিভাগ,**
**জেলা জজ আদালত,**
**রাজশাহী**

ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহীর বিগত ০১-০১-২০২৫ ইং তারিখের পত্র মাধ্যমে প্রেরিত জেলা জজ আদালতের অন্যতম জারীকারক মোঃ ইমন চৌধুরীর চার মাস সাতাশ দিনের অর্জিত ছুটি মঞ্জুরসহ কর্মস্থলে যোগদানের আবেদন পর্যবেক্ষণ করিলাম।

উপরোক্ত জারীকারকের উপরোল্লিখিত আবেদন পর্যবেক্ষণে দেখা যায় যে, তিনি সেখানে উল্লেখ করেন যে, তিনি তাহার মাতার মৃত্যুতে শারীরিক ও মানসিকভাবে গুরুতর অসুস্থ্য হইয়া পড়ায় তাহার পরিবারের সদস্যগণ তাহাকে চিকিৎসকের নিকট নিয়া গেলে তাহাকে পূর্ণ_বিশ্রামের পরামর্শ প্রদান করায় তিনি শত ভাগ সুস্থ্য হইতে না পারায় কার্যে যোগদান করিতে পারেন নাই। কিন্তু তিনি গত বৎসরের কোন্ মাসের কোন্ তারিখ হইতে কোন্ সনের কত তারিখ পর্যন্ত কোন্ চিকিৎসা প্রতিষ্ঠানে কোন্ চিকিৎসকের নিকট চিকিৎসাধীন ছিলেন তাহা কারণ দর্শানোর জবাবে উল্লেখ করেন নাই। একইভাবে, তিনি তাহার অসুস্থ্যতা ও চিকিৎসাধীন থাকার সমর্থনে কোন চিকিৎসা সনদ বা অন্য কোন কাগজপত্র দাখিল করেন নাই। ফলে তাহার কারণ দর্শানোর জবাবে প্রদর্শিত কারণ আদৌ সন্তোষজনক ও গ্রহণযোগ্য না হওয়া সত্ত্বে ও ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহী তাহাকে কারণ দর্শানোর দায় হইতে সম্পূর্ণ বেআইনীভাবে অব্যাহতি প্রদান করিযাছেন। ফলে তাহার অর্জিত ছুটি মঞ্জুর সহ কর্মস্থলে যোগদানের আবেদন বর্তমান পর্যায়ে আদৌ বিবেচনার সুযোগ রাখে না। অধিকন্তু, তাহার কৃতকার্য ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(খ) বিধির অপরাধ বলিয়া পরিগণিত হয়। ফলে নিম্নস্বাক্ষরকারী আপনি জনাব মোঃ ইমন চৌধুরী, জারীকারক, জেলা জজ আদালত, রাজশাহীর বিরুদ্ধে ০১/২০১৫ নং বিভাগীয় মামলা রুজু করতঃ নিম্নরূপ অভিযোগ গঠন করিতেছেঃ

**অভিযোগ নামা**

যেহেতু আপনি জনাব মোঃ ইমন চৌধুরী, রাজশাহী জেলা জজ আদালতে জারীকারক পদে কর্মরত থাকাবস্থায় কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিগত ০৩-৭-২০২৪ হইতে ৩০-১১-২০২৪ ইং তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু আপনার উক্তরূপ কার্যকলাপ ও আচরণ ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(খ) এ বর্ণিত ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

যেহেতু উক্তরূপ কার্যকলাপ ও আচরণের জন্য আপনাকে ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(খ) বিধিতে বর্ণিত ''অসদাচারণ'' এর অভিযোগে অভিযুক্ত করা হইল।

এমতাবস্থায়, আপনাকে কেন ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৪ বিধির বিধান অনুযায়ী দণ্ড প্রদান করা হইবে না তাহার কারণ আপনি এই নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবস মধ্যে দর্শাইবেন। আপনি নিম্নস্বাক্ষরকারীর নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়া কোনরূপ বক্তব্য পেশ করিতে ইচ্ছুক কি-না তাহা ও জবাবে উল্লেখ করিতে পারিবেন। নির্ধারিত সময় সীমা মধ্যে জবাব দাখিলে ব্যর্থ হইলে প্রতীয়মান হইবে যে, আনীত অভিযোগের বিষয়ে আপনার কোন বক্তব্য নাই এবং সেই ক্ষেত্রে নিম্নস্বাক্ষরকারী একতরফাভাবে অভিযোগ নিস্পত্তির এখতিয়ার সংরক্ষণ করে। যে অভিযোগের উপর ভিত্তি করিয়া এই অভিযোগ (charge) আনয়ন করা হইয়াছে তাহার একটি অনুলিপি (অভিযোগ বিবরণী) আপনার অবগতি ও শুনানীর সময় ব্যবহারের জন্য এতদ্‌সহিত সংযুক্ত করা হইল।

০১/৩/২০২৫

( গোলক চন্দ্র বিশ্বাস),
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী
ই-মেইলঃ districtjudgecourt.rajshahi@gmail.com